# ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, বরিশাল বোর্ড-২০১৮

## মনোবিজ্ঞান দ্বিতীয় পত্র

বিষয় কোড: ১২৪

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান: ৫০

*[দ্রষ্টব্য: ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং ৭ ও ৮ নং প্রশ্ন বাধ্যতামূলক। 'ক' ও 'খ' গুচ্ছের প্রতিটি থেকে কমপক্ষে একটি প্রশ্নসহ যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। সর্বমোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেকটি প্রশ্নের মান ১০।]*

১. ▶ তর্কি ও রাকি দুই ভাই। তর্কি সারাদিন অনর্গল কথা বলে, লেখাপড়ায় ভালো এবং বিভিন্ন বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। রাকির কথা বলাতে জড়তা থাকায় লেখাপড়া করেনি। তবে কম্পিউটার, ইন্টারনেটসহ বিভিন্ন প্রযুক্তিগত কাজে বেশ পারদর্শী। তাদের শিক্ষক বলেন, "সকলের মেধা একইভাবে বিকশিত হয় না।"

ক. কৃত্য অভীক্ষা কী? ১

খ. বুদ্ধির ক্ষেত্রে মানসিক বয়স গুরুত্বপূর্ণ কেন? ২

গ. রাকির বুদ্ধি পরিমাপে কোন ধরনের অভীক্ষা ব্যবহার করবে? ব্যাখ্যা করো। ৩

ঘ. তর্কি ও রাকির বুদ্ধি পরিমাপে প্রযোজ্য অভীক্ষাসমূহের তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

২. ▶ দৃশ্যকল্প-১: আনিস চেহারায় গোলগাল, মিশুক ও আরামপ্রিয়। সে সর্বদাই অন্যের ভালোবাসা ও প্রশংসা পেতে চায়।

দৃশ্যকল্প-২: আমিন সুঠাম দেহের অধিকারী। তার কাঁধ ও বুক চওড়া। সে স্বভাবে প্রভুত্বপ্রিয়, দুঃসাহসিক ও আক্রমণধর্মী।

ক. ব্যক্তিত্বের সংজ্ঞা দাও। ১

খ. সামাজিক ও উত্তেজনাপ্রবণ ব্যক্তিদেরকে সাইক্লয়েড বলা হয় কেন? ২

গ. আনিসের মধ্যে কোন ধরনের ব্যক্তিত্ব প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. "আমিনের মধ্যে একাধিক ব্যক্তিত্বের সংমিশ্রণ রয়েছে।"— উক্তিটির সার্থকতা যাচাই করো। ৪

https://teachingbd24.com

৩.▶ দৃশ্যকল্প-১: চৌধুরী সাহেব সর্বদা নিজেকে নিয়ে গর্ববোধ করেন। তিনি মনে করেন, তার বংশের লোক ছাড়া অন্যান্য লোকেরা উন্নত চারিত্রিক বৈশিষ্ট্যের অধিকারী নন। তাদের আচার-ব্যবহার চাল-চলন খুবই নীচুমানের। তিনি চান সবাই তার প্রশংসা করুক, সম্মান করুক। তিনি প্রায়ই অন্যদেরকে হেয় করেন।

দৃশ্যকল্প-২: রবি, রাজা ও রাণী একই পাড়ায় বসবাস করেন। দীর্ঘদিন একই পাড়ায় বসবাসের ফলে তাদের পরস্পরের মধ্যে এক ধরনের সখ্যতা গড়ে উঠেছে। পাড়ার লোকেরা বলে, "রবি, রাজা ও রাণীকে পছন্দ করে কিন্তু রাজা, রবিকে পছন্দ করলেও রাণীকে অপছন্দ করেন।"

ক. পূর্ব সংস্কার কী? ১

খ. মনোভাব গঠনে পরিবার প্রধান মাধ্যম কেন? ২

গ. চৌধুরী সাহেবের মনোভাবে যে বিষয়টি লক্ষ করা যায় তা কীভাবে গঠিত হয় ব্যাখ্যা করো। ৩

ঘ. রবি, রাজা ও রাণীর মনোভাবে যে অবস্থা বিরাজ করছে তা পরিবর্তনের পদক্ষেপসমূহ ব্যাখ্যা করো। ৪

৪.▶ হিমেল ও রাকিব দুইজন প্রতিবেশী। হিমেল নিয়মিত স্কুলে যায়। শিক্ষকগণের নির্দেশ অনুযায়ী সে পড়াশুনা করে বলে শিক্ষকগণও তার খুব প্রশংসা করেন। অন্যদিকে রাকিব পারিবারিক অসচ্ছলতার কারণে স্কুল-কলেজের আনুষ্ঠানিক শিক্ষাগ্রহণ করতে পারে নাই। তবে সমবয়সী দল, বিভিন্ন সামাজিক আচার-অনুষ্ঠান, হাটবাজার, খেলার মাঠ ইত্যাদি স্থানে তার সরব উপস্থিতি বিদ্যমান। যার ফলে জীবনযাপনের প্রয়োজনীয় জ্ঞান তার রপ্ত হয়েছে।

ক. সামাজীকরণ কী? ১

খ. পিতামাতা কীভাবে শিশুর সামাজীকরণকে প্রভাবিত করতে পারে? ২

গ. উদ্দীপকে বর্ণিত হিমেলের সামাজীকরণ প্রক্রিয়া ব্যাখ্যা করো। ৩

ঘ. রাকিবের সামাজীকরণে কোন মাধ্যমের প্রভাব সর্বাধিক? যুক্তি দাও। ৪

https://teachingbd24.com

৫.▶ দৃশ্যকল্প-১: বুশি ঢাকায় একটি বেসরকারি সংস্থায় উচ্চ বেতনে চাকরি করে। সম্প্রতি সে প্রত্যাশিত সরকারি চাকরি পেলেও কর্মস্থল বান্দরবানে হওয়ায় যোগদান করবে কিনা তা নিয়ে সংশয়ে আছে।

দৃশ্যকল্প-২: বাদশা অনেক দিন আগে এসএসসি পাশ করেছে। বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষায় অংশগ্রহণ করেছে। কিন্তু কোথাও চাকরি পাচ্ছে না। তাই সে চাকরির আশা ছেড়ে দিয়ে বলতে শুরু করল মামা, খালু, ঘুষ ছাড়া চাকরি হবে না।

ক. দ্বন্দ্বের সংজ্ঞা দাও। ১
খ. মানসিক চাপ মোকাবেলা করা গুরুত্বপূর্ণ কেন? ২
গ. বুশির মধ্যে কোন ধরনের দ্বন্দ্বের উদ্ভব হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. বাদশা তার অবস্থান বুঝাতে কোন কোন কৌশলের আশ্রয় নিয়েছে? বিশ্লেষণ করো। ৪

৬.▶ মি. জাকির একজন সফল ব্যবসায়ী। প্রচুর শিল্পপ্রতিষ্ঠান ও বিত্ত-বৈভবের মালিক তিনি। নৈতিকতার চেয়ে অর্থ উপার্জন তাঁর জীবনের মূল লক্ষ্য। অন্যদিকে তাঁর বন্ধু রহমান সাহেবও একজন ব্যবসায়ী। তিনি বিশ্বাস করেন জীবনের অর্থের প্রয়োজন আছে। তবে তিনি ধর্মীয় ও রাষ্ট্রীয় অনুশাসন কঠোরভাবে মেনে চলেন। এছাড়া তিনি একটি দৃষ্টিনন্দন মসজিদ নির্মাণ করেন যা দেখে সকলেই মুগ্ধ হন। তার মধ্যে অন্যের উপর প্রভাব বিস্তার ও প্রতিযোগিতা করার মানসিকতা বিদ্যমান।

ক. মূল্যবোধের সংজ্ঞা দাও। ১
খ. পরিবারকে মূল্যবোধ গঠনের শক্তিশালী মাধ্যম বলা হয় কেন? ২
গ. মি. জাকিরের মধ্যে কোন ধরনের মূল্যবোধের পরিচয় পাওয়া যায়? ব্যাখ্যা করো। ৩
ঘ. রহমান সাহেবের আচরণে যেসব মূল্যবোধের প্রভাব পরিলক্ষিত হয় তা বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

৭. ▶ মনোবিজ্ঞানের শিক্ষক শ্রেণিকক্ষে শব্দের প্রভাব জানতে চান। এজন্য তিনি ২৫ জন বালক ও ২৫ জন বালিকা নিয়ে দুটি দল গঠন করেন এবং তাদেরকে দুটি পৃথক কক্ষের ব্যবস্থা করেন। একটি কক্ষে মাইক, মিছিল ও গাড়ির হর্নসহ বিভিন্ন ধরনের শব্দ প্রবেশ করত অন্যটিতে শব্দ নিয়ন্ত্রণের ব্যবস্থা ছিল। ফলাফলে দেখা যায় নিয়ন্ত্রিত কক্ষের শিক্ষার্থীদের শিখনের পরিমাণ ভালো হয়েছে।

ক. চল কী? ১

খ. পরীক্ষণ পদ্ধতিতে পুনরাবৃত্তি গুরুত্বপূর্ণ কেন? ২

গ. মনোবিজ্ঞানের শিক্ষক কোন চলের প্রভাব জানতে চেয়েছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. চল নিয়ন্ত্রণের জন্য শিক্ষক কর্তৃক ব্যবহৃত কৌশলসমূহ বিশ্লেষণ করো। ৪

৮. ▶ উচ্চ মাধ্যমিক পরীক্ষায় মনোবিজ্ঞান বিষয়ে ৫০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। পরীক্ষায় মোট নম্বর ছিল ৭৫। শিক্ষার্থীরা নিম্নরূপ নম্বর প্রাপ্ত হয়:

| প্রাপ্ত নম্বরের শ্রেণি | শিক্ষার্থী সংখ্যা |
|---|---|
| ৭১-৭৫ | ২ |
| ৬৬-৭০ | ৫ |
| ৬১-৬৫ | ১০ |
| ৫৬-৬০ | ১৫ |
| ৫১-৫৫ | ৯ |
| ৪৬-৫০ | ৬ |
| ৪১-৪৫ | ৩ |
| | N=৫০ |

ক. বিচ্যুতি কী? ১

খ. অনুমাননির্ভর পরিসংখ্যান গুরুত্বপূর্ণ কেন? ২

গ. উদ্দীপকের আলোকে বিচ্যুতির উৎকৃষ্ট পরিমাপ নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকে প্রদত্ত বণ্টনের ভেদাঙ্ক নির্ণয় কর এবং বিচ্যুতির উৎকৃষ্ট পরিমাপের সাথে তুলনা করো। ৪

Teachingbd24.com

## মনোবিজ্ঞান দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ১ | ২ | ৪ |

সময়-২৫ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান: ২৫

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. পূর্বসংস্কার হ্রাসের উপায় হচ্ছে—
i. পরিবেশগত অবস্থিতির পরিবর্তন সাধন
ii. আন্তঃকৃষ্টিমূলক শিক্ষার প্রচলন
iii. একই লক্ষ্য অর্জনে যৌথ প্রচেষ্টা
নিচের কোনটি সঠিক?
ক ii ও iii　খ i ও ii
গ i ও iii　ঘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও:
জনাব আনোয়ার বস্তুবাদের চেয়ে আধ্যাত্মিকতায় অধিক মনোযোগী। সুখে-দুঃখে সবসময়ই তিনি স্রষ্টার প্রতি কৃতজ্ঞ থাকেন।

২. জনাব আনোয়ার কোন ধরনের মূল্যবোধসম্পন্ন?
ক তাত্ত্বিক　খ সামাজিক
গ ধর্মীয়　ঘ রাজনৈতিক

৩. জনাব আনোয়ারের মূল্যবোধের বৈশিষ্ট্য হলো—
i. বিমূর্ত ধারণার অধিকারী
ii. সৃষ্টির উৎস সম্বন্ধে জানতে আগ্রহী
iii. প্রকৃতির মাঝে সৌন্দর্য খুঁজে বেড়ায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

৪. কোন পদ্ধতিতে জীবন বৃত্তান্ত সংগ্রহ করা হয়?
ক আকস্মিক পর্যবেক্ষণ　খ ঘটনা অনুধ্যান
গ নিয়ন্ত্রিত পর্যবেক্ষণ　ঘ পরীক্ষণ

৫. মনোবিজ্ঞানী শিক্ষার্থীকে কতগুলো ছবি দিয়ে একটির পর একটি এমনভাবে সাজাতে বললেন যেন একটি অর্থপূর্ণ গল্প তৈরি হয়। এটি কোন বুদ্ধি অভীক্ষায় করা হয়?
ক ভাষাগত
খ কার্যসম্পাদনভিত্তিক
গ বিনে-সিমোঁ　ঘ স্ট্যানফোর্ড-বিনে

৬. দুই বা ততোধিক ব্যক্তির মধ্যে আন্তঃক্রিয়ার মাত্রা বৃদ্ধি পেলে পারস্পরিক পছন্দের মাত্রাও বেড়ে যায়। এটি আন্তঃব্যক্তিক আকর্ষণের কোন উপাদানের কাজ?
ক চেহারা　খ পরিচিতি
গ নৈকট্য　ঘ সাদৃশ্য

৭. ২৮, ২৫, ২৭, ১৪, ৭, ৯ এর পরিসর কত?
ক ২০　খ ২১
গ ২২　ঘ ২৩

৮. করণ শিক্ষণ হলো—
i. বলবৃদ্ধির ফলে প্রতিক্রিয়ার প্রবণতা বেড়ে যাওয়া
ii. নির্দেশিত পথে কাজ করলে পুরস্কার পাওয়া
iii. প্রচেষ্টা ছাড়াই শিক্ষণ
নিচের কোনটি সঠিক?
ক i　খ i ও ii
গ ii ও iii　ঘ i, ii ও iii

৯. বৈজ্ঞানিক পদ্ধতি বলতে কোন পদ্ধতিকে বোঝায়?
ক পর্যবেক্ষণ　খ জরিপ
গ পরিসংখ্যান　ঘ পরীক্ষণ

১০. শেলডনের মতবাদ অনুযায়ী কোন শ্রেণির লোকেরা খেলাধুলা পছন্দ করে এবং অন্যের উপর কর্তৃত্ব প্রতিষ্ঠা করতে চায়?
ক এন্ডোমরফিক　খ মেসোমরফিক
গ একটোমরফিক　ঘ সোমাটোটনিক

১১. ওয়েকসলার প্রণীত শিশুদের বুদ্ধি অভীক্ষা হলো—
i. WISC
ii. WAIS　iii. WPPS
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

১২. অহমকে প্রধান কার্যনির্বাহী বলার কারণ—
i. এটি ব্যক্তির বাস্তবভিত্তিক কার্যক্রম নির্ধারণ করে
ii. এটি আদিসত্তা ও অতি অহমের মধ্যে সমন্বয় সাধন করে
iii. এটি নৈতিক নীতি দ্বারা পরিচালিত হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

১৩. শিশুর সামাজিকীকরণের প্রথম ধাপ কোনটি?
ক পরিবার　খ খেলার সাথি
গ শিক্ষা　ঘ বিদ্যালয়

Teachingbd24.com

https://teachingbd24.com

১৪. "বুদ্ধি হলো জগৎকে অনুধাবন করার ক্ষমতা এবং বাধাসমূহকে মোকাবেলা করার সামর্থ্য"— এ সংজ্ঞাটি কে দিয়েছেন?

ক) ম্যাকমোহন
খ) গর্ডন অলপোর্ট
গ) ডেভিড ওয়েক্সলার
ঘ) নাসকিন্ট এবং আয়রিং

নিচের উদ্দীপকটি পড় এবং ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও:

রিয়াদ অষ্টম শ্রেণিতে পড়ে। সে ফুটবল খেলতে এবং খেলা দেখতে খুব পছন্দ করে। সে ব্রাজিলের স্ট্রাইকার নেইমার এর মতো চুলের ছাঁট দিয়েছে।

১৫. রিয়াদের মধ্যে কোন ধরনের সমাজীকরণ ঘটেছে?

ক) প্রাসঙ্গিক শিক্ষণ　খ) ভূমিকা শিক্ষণ
গ) পর্যবেক্ষণগত শিক্ষণ　ঘ) একাত্মীকরণ

১৬. উদ্দীপকে উল্লিখিত সমাজীকরণ প্রক্রিয়ার বৈশিষ্ট্য হলো—

i. কোনো ব্যক্তি অন্য কোনো ব্যক্তির গুণাবলিকে নিজের বলে মনে করে
ii. অন্যের আচরণ সম্পূর্ণ নকল করা
iii. অন্যের আচরণকে গভীর ও স্থায়ীভাবে গ্রহণ করা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

১৭. মনোভাবের প্রধান উপাদান কয়টি?

ক) ২　খ) ৩
গ) ৪　ঘ) ৫

১৮. যে সকল ব্যক্তি জীবনের মৌলিক কাজও নিজে নিজে করতে অক্ষম, তারা কোন ধরনের বুদ্ধি প্রতিবন্ধী?

ক) মৃদু　খ) চরম
গ) মধ্যম　ঘ) ব্যতিক্রমধর্মী

১৯. স্বাধীনতা, ন্যায়নীতি, সততা কিসের উদাহরণ?

ক) মূল্যবোধ　খ) মনোভাব
গ) মতামত　ঘ) পূর্বসংস্কার

২০. চালক রাস্তা দিয়ে গাড়ি চালাতে গিয়ে লালবাতি দেখে গাড়ি থামিয়ে দিল। এখানে গাড়ি থামানো কোন চলের উদাহরণ?

ক) অনির্ভরশীল　খ) মধ্যবর্তী
গ) বাহ্যিক　ঘ) নির্ভরশীল

২১. অনমনীয় চাপ সামলানোর কোন ধরনের কৌশল?

ক) পশ্চাদপসরণ　খ) সমঝোতা
গ) চাপমূলক পরিস্থিতির পুনর্মূল্যায়ন
ঘ) আত্মরক্ষামূলক কৌশল

২২. বিশ্ববিদ্যালয়ের ছাত্র অর্থের অভাবে পড়াশোনার খরচ চালাতে না পেরে বিভিন্ন অসামাজিক কর্মকাণ্ডে জড়িয়ে পড়ে। এটি হতাশার কোন ধরনের উৎস?

ক) ব্যক্তিগত　খ) দ্বন্দ্ব
গ) অত্যাধিক উদ্বেগ　ঘ) পরিবেশগত

২৩. গৌনঃপুন্য বণ্টনে লেখচিত্রের প্রয়োজনীয়তা রয়েছে, কেননা এর মাধ্যমে—

i. উপাত্তকে সংক্ষেপে ও সহজবোধ্যভাবে উপস্থাপন করা যায়
ii. তথ্যসারির অন্তর্বর্তী মান নির্ণয় করা যায়
iii. তথ্যের সঙ্গতি বিধান করা যায়

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও:

একজন অসুস্থ রোগী তার চিকিৎসা সহায়তা পাওয়ার জন্য ডাক্তারের কাছে যাওয়ার প্রয়োজন বোধ করল। কিন্তু ডাক্তারের কাছে গেলে ইনজেকশন দিতে হবে এই আশঙ্কায় ডাক্তারের কাছে যেতে ভয় পাচ্ছে। আবার না গেলে অসুস্থতা বেড়ে যাবে এটাও পীড়া দিচ্ছে।

২৪. উদ্দীপকে অসুস্থ ব্যক্তিটির মধ্যে কোন ধরনের দ্বন্দ্ব বিদ্যমান?

ক) আকর্ষণ-আকর্ষণ　খ) বিকর্ষণ-বিকর্ষণ
গ) আকর্ষণ-বিকর্ষণ
ঘ) দ্বিগুণ আকর্ষণ-বিকর্ষণ

২৫. উদ্দীপকে উল্লিখিত দ্বন্দ্বের বৈশিষ্ট্য হচ্ছে—

i. দুটি লক্ষ্যই আকর্ষণ সৃষ্টি করে
ii. পরস্পর বিপরীতধর্মী দুটি লক্ষ্যবস্তু থাকে
iii. একটি অপ্রীতিকর লক্ষ্যবস্তুকে গ্রহণ করতে হয়

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | গ | ৩ | ক | ৪ | খ | ৫ | খ | ৬ | গ | ৭ | গ | ৮ | ক | ৯ | গ | ১০ | খ | ১১ | ক | ১২ | ক | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | গ |
| | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | ঘ | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | খ | | | | | | | | | | |

Teachingbd24.com